দৈনিক সংবাদ

তারিখ ...30 MAR 1990...
পৃষ্ঠা... 7 ...কলাম... 9 ...

77

# ঢাকা বিশ্ববিদ্যালয় ৭ই এপ্রিল খুলবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামী ৭ই এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হচ্ছে। বিশ্ববিদ্যালয় খোলার দু'একদিন আগে আবাসিক হলগুলো খুলে দেয়া হবে।

গতকাল বৃহস্পতিবার সিন্ডিকেটের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। আবাসিক হলগুলো খুলে দেয়ার ব্যাপারে সুনির্দিষ্ট তারিখ নির্ধারণের জন্য বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ আগামী দু'এক দিনের মধ্যেই হলের প্রভোস্টদের সাথে বৈঠকে বসবেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জমান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয় খোলার পর ক্যাম্পাসে যাতে স্বাভাবিক কাজকর্ম অব্যাহত থাকে সে সম্পর্কে আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থাসমূহের দায়-দায়িত্বের বিষয়ে চ্যান্সেলরকে অবহিত করার সিদ্ধান্ত নেয়া হয়।

সিন্ডিকেট বিশ্ববিদ্যালয় খোলার পর যাতে শান্তি-শৃংখলা ব্যাহত না হয় সে জন্য বিভিন্ন সংশ্লিষ্ট মহলের সাথে আলাপ-আলোচনা করে একটি ঐকমত্য সৃষ্টির চেষ্টা অব্যাহত রাখতে উপাচার্যকে অনুরোধ জানায়।